
দৈনিক বাংলা

তারিখ 22 JUN 1987
পৃষ্ঠা ... ৭ কলাম ... ১ ...
৭ই আষাঢ় ১৩৯৪ বং







সিরাজগঞ্জ : জামিরতা কেন্দ্রে জায়গার অভাবে একই বেঞ্চে ৩ জন পরীক্ষার্থী। নীচে : কলেজগৃহে জায়গা না থাকায় খোলা মাঠে ছাপড়া তৈরি করে পরীক্ষা নেয়া হচ্ছে —দৈনিক বাংলা

# বেআইনী পরিবেশে পরীক্ষা

(নিজস্ব সংবাদদাতা)

সিরাজগঞ্জ ২০শে জুন।—শাহজাদপুর উপজেলার জামিরতা কলেজ কেন্দ্রে শ্বাসরুদ্ধকর বেআইনী পরিবেশে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রতি বেঞ্চে ৩ জন করে পরীক্ষার্থীকে বসানো হয়েছে।

এ বছর এ কলেজ থেকে মাত্র ৫৫ জন ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিচ্ছে। কিন্তু বহিরাগত পরীক্ষার্থী মিলিয়ে এ কেন্দ্রের পরীক্ষার্থী সংখ্যা দাঁড়িয়েছে ৮শ ৭২ জন।

এই বিপুল সংখ্যক পরীক্ষার্থীর আসনের ব্যবস্থা কলেজ গৃহে সম্ভব না হওয়ায় খোলা মাঠে নীচু করে ছাপড়াঘর তৈরি করা হয়েছে। অসহ্য রৌদ্রতাপের কারণে গরমের মধ্যে অমানবিক পরিবেশে এরা পরীক্ষা দিচ্ছে।

এদিকে প্রয়োজনীয় বেঞ্চ ও ডেস্কের অভাবে প্রতি সিটে তিন জন করে পরীক্ষার্থীকে বসানো হয়েছে। এটা বেআইনী বলে জানা গেছে। প্রতি বেঞ্চে দুজন করে পরীক্ষার্থী বসানোর নিয়ম রয়েছে।